# প্রতিযোগিতা পরিচালনা নিয়মাবলি

শেখ রাসেল এর জন্মদিন ১৮ অক্টোবর উদযাপন উপলক্ষ্যে শিশুদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এবছরই এ প্রতিযোগিতা প্রথমবারের মত অনুষ্ঠিত হচ্ছে। শেখ রাসেল এর চেতনায় শিশুদের উদ্বুদ্ধ করার লক্ষ্যেই এ প্রতিযোগিতার আয়োজন। শ্রেণি অনুযায়ী শিশুরা এ প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে। তৃণমূল পর্যায়ের শিশুদের অংশগ্রহণের লক্ষ্যে এ প্রতিযোগিতা উপজেলা থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে জাতীয় পর্যায়ে সমাপ্ত হবে।

নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক প্রতিযোগিতা পরিচালিত হবে:

<u>প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি</u> :
উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে। উপজেলা/থানা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা চূড়ান্ত (জাতীয়) পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ:
রচনা প্রতিযোগিতা

'ক' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের বন্ধু।
'খ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের ভালোবাসা।

ক' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৫০০ শব্দের মধ্যে, 'খ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৮০০ শব্দের মধ্যে হতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ১ম থেকে ৩য় শ্রেণি, বিষয় : উন্মুক্ত।
'খ' বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, বিষয় : খেলাধূলায় শেখ রাসেল।
'গ' বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : রাসেল স্বপ্নের ভূবন।
'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, বিষয় : উন্মুক্ত।

চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈর্ঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।

চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেল কালার